দৈনিক বাংলা

001 000

তারিখ ... 23/6/83 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 2 ...

# বিচারপতির নেতৃত্বে বিশ্ববিদ্যালয় আইন পর্যালোচনা কমিটি

বিশ্ববিদ্যালয়সমূহের ভাইস-চ্যান্সেলরদের লিখিত রিপোর্ট ও বিশ্ববিদ্যালয় আইন পরীক্ষা করে দেখার জন্যে সরকার চার সদস্যের একটি পর্যালোচনা কমিটি গঠন করেছেন। সরকারী সূত্র বুধবার ঢাকায় একথা বলেন।

বাসস র খবরে প্রকাশ, সুপ্রীম কোর্টে আপীল বিভাগের বিচারপতি চৌধুরী এ টি এম মাসুদের নেতৃত্বে গঠিত এই কমিটি বিশ্ববিদ্যালয়ে প্রশাসন, অভ্যন্তরীণ স্বায়ত্তশাসন ও ছাত্র সম্পর্ক সংক্রান্ত বিশ্ববিদ্যালয় এ্যাক্ট, আদেশ ও অর্ডিনান্স-সমূহও পরীক্ষা করে দেখবে।

কমিটির অন্য সদস্যরা হচ্ছেন: বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক ভাইস-চ্যান্সেলর ডঃ ওয়াহেদউদ্দীন আহমদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর ডঃ এম. এ রকিব এবং শিক্ষা সচিব ও চ্যান্সেলরের সচিবালয়ের সচিব কাজী জালাল-উদ্দীন আহমদ।

কাজী জালালউদ্দীন কমিটির সদস্য-সচিব হিসেবেও কাজ করবেন।